# রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম

কাহিলিপাড়া, গুয়াহাটি-৭৮১০১৯

মাসভিত্তিক শৈক্ষিক দিনপঞ্জি

## ফেব্রুয়ারি ২০২৩

| সোম | মঙ্গল | বুধ | বৃহস্পতি | শুক্র | শনি | রবি |
|---|---|---|---|---|---|---|
| | | ১ শ্রেণি দিন | ২ শ্রেণি দিন | ৩ শ্রেণি দিন | ৪ শ্রেণি দিন | ৫ বন্ধের দিন (বীর চিলারায় দিবস) |
| ৬ শ্রেণি দিন | ৭ শ্রেণি দিন | ৮ শ্রেণি দিন | ৯ শ্রেণি দিন | ১০ শ্রেণি দিন | ১১ শ্রেণি দিন | ১২ বন্ধের দিন |
| ১৩ শ্রেণি দিন | ১৪ শ্রেণি দিন | ১৫ শ্রেণি দিন | ১৬ শ্রেণি দিন | ১৭ শ্রেণি দিন | ১৮ শ্রেণি দিন | ১৯ বন্ধের দিন |
| ২০ শ্রেণি দিন | ২১ শ্রেণি দিন ও উদযাপন দিন (আন্তর্জাতিক মাতৃভাষা দিবস) | ২২ শ্রেণি দিন | ২৩ শ্রেণি দিন | ২৪ মূল্যায়ন দিন | ২৫ মূল্যায়ন দিন | ২৬ বন্ধের দিন |
| ২৭ মূল্যায়ন দিন | ২৮ শ্রেণি দিন ও উদযাপন দিন (রাষ্ট্রীয় বিজ্ঞান দিবস) | | | | | |

### শ্রেণি অনুযায়ী পাঠ বিতরণ

#### ক শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি

| কশ্রেণি | বিষয় | প্রথম | দ্বিতীয় | তৃতীয় | চতুর্থ | পঞ্চম |
|---|---|---|---|---|---|---|
| ছোটোদের কর্মপুস্তক (পৃষ্ঠা:৬৪-৬৮) | বাংলা (ভাষা-১) | চাঁদের দেশে চলো | ❑ ডাকঘর ❑ ঋতু আসে ঋতুযায় | ❑ শ্রমের মর্যাদা ❑ আমার মা | ❑ মজার দেশ ❑ চতুর্থ গোট মূল্যায়ন | ❑ বড়ো কে? ❑ চতুর্থ গোট মূল্যায়ন |
| | গণিত | ❑ নমুনা ❑টাকা পয়সা | ❑ তথ্যর ব্যবহার ❑ সময় | ❑ তথ্য সংগ্রহ ❑ টাকা এবং পয়সা | ❑ সময় ❑ মৌখিক গণিত | ❑ মাপ জোখের প্রয়োগ ❑ নক্শা দেখি এসো |
| Beginners' English (Page: 38-40) | ইংরাজি (ভাষা-২) | The Greedy Dog | Lets Celebrate | The Bundle of Sticks | A Visit to Sivasagar (R) | Hello Computer (R) |
| | পরিবেশ অধ্যয়ন | —— | —— | আমাদের গ্রাম | আমাদের অধিকার | আমাদের প্রতিবেশি রাজ্যসমূহ |

ক শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত নিম্নলিখিত ক্রিয়াকলাপগুলো শিক্ষক ছাত্র-ছাত্রীদের স্তর অনুযায়ী মাসটির পাঠের সঙ্গে সংগতি রেখে অনুশীলন করাবেন।

**স্বাস্থ্য ও শারীরিক শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ**

❑ লম্বা থেকে খাটো এই হিসেবে ছাত্র-ছাত্রীরা মেরুদণ্ড সোজা করে এক সারিতে দাঁড়াবে।

❑ হাল্কা ধরনের খেলা যেমন - ফ্রগ জাম্প, রুমাল দিয়ে খেলা, ইঁদুর-বিড়াল খেলা ইত্যাদি খেলবে।

❑ খাওয়ার আগে ও পরে সাবান দিয়ে হাত ধোয়ার অভ্যাস করবে।

**কলা ও শিল্প শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ**

❑ ক্যালেন্ডার বা থার্মোকলের সাহায্যে ছাত্র-ছাত্রীরা বিভিন্ন ধরনের প্রকল্প প্রস্তুত করবে।

❑ বিভিন্ন রঙের গুড়ো দিয়ে আলপনা আঁকবে।

❑ প্রার্থনা, লোকসংগীত, স্থানীয় গান ইত্যাদি গাওয়ার অভ্যাস করবে।

### উদযাপন দিবস ও অন্যান্য কার্যাবলি

২৪,২৫,২৭ফেব্রুয়ারি- চতুর্থ গোট মূল্যায়ন।

২১ফেব্রুয়ারি - ছাত্র-ছাত্রীদের মনে মাতৃভাষার প্রতি আগ্রহ এবং অনুরাগ বৃদ্ধি করার জন্য বিভিন্ন অনুষ্ঠান (যেমন- পদ্য, গল্প লেখা ও পড়া) ইত্যাদি অনুষ্ঠিত করবেন।

২৮ফেব্রুয়ারি - রাষ্ট্রীয় বিজ্ঞান দিবস উপলক্ষে বিদ্যালয়ে বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করবেন। ছাত্র-ছাত্রীদের বিজ্ঞান মানসিকতা বিকাশের জন্য বিভিন্ন ধরনের কার্যকলাপে নিয়োজিত করবেন।







মুল্যায়ন দিন - ৩
প্রকৃত শ্রেণি দিন - ২১
রবিবার - ৪
অন্যান্য বন্ধের দিন - ০
মাসটির মোট দিন - ২৮
(মাসটির উদযাপন দিনের সংখ্যা - ২)

### শ্রেণি অনুযায়ী পাঠ বিতরণ

#### ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি

| বিষয় | ষষ্ঠ | সপ্তম | অষ্টম |
|---|---|---|---|
| বাংলা (ভাষা-১) | ❑ ঠাকুমাকে কীভাবে পড়তে শিখিয়েছি (পুনঃ) ❑ ধামাইল | ❑ হে ভারতের শ্রমজীবী (পুনঃ) ❑ মালেগড় | ❑ সংস্কৃতি এবং আমাদের জীবন (পুনঃ) ❑ শ্রীকৃষ্ণের মৃত্তিকা ভক্ষণ |
| গণিত | ব্যবহারিক জ্যামিতি | কঠিন আকৃতির পর্যবেক্ষণ | সংখ্যা নিয়ে খেলা |
| ইংরাজি (ভাষা-২) | I Love My Country | Women in Space(R) | Chandraprabha Saikiani (R) |
| বিজ্ঞান | ❑ আমাদের চারপাশের বায়ু ❑ আবর্জনা সৃষ্টি ও নিষ্কাশন | ❑ বনাঞ্চলঃ আমাদের জীবন রেখা ❑ বর্জিত জলের গল্প | ❑ তারকা ও সৌরজগত ❑ বায়ু ও জল প্রদূষণ |
| সমাজ বিজ্ঞান | স্থানীয় স্বায়ত্ত শাসন ব্যবস্থা | ❑ ভারতবর্ষের জলবায়ু, প্রাকৃতিক উদ্ভিদ, কৃষি এবং জনসংখ্যা (ভূ) ❑ উত্তর-পূর্ব ভারত (ভূ) (পুনঃ) | ১৮৫৭ খ্রিষ্টাব্দের বিদ্রোহ (ই) |
| হিন্দি (ভাষা-৩) | खेल और सेहत | अमृत वाणी | मैं हूँ महाबाहु ब्रह्मपुत्र |

ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত নিম্নলিখিত ক্রিয়াকলাপগুলো শিক্ষক ছাত্র-ছাত্রীদের স্তর অনুযায়ী মাসটির পাঠের সঙ্গে সংগতি রেখে অনুশীলন করাবেন।

**কর্ম শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ**

**কাগজের কাজ** - ফুল, হাতপাখা, বিভিন্ন জ্যামিতিক আকৃতি যেমন— ত্রিভুজ, চতুর্ভুজ, ঘনক, বর্গ, ঘুড়ি, কোলাজ ইত্যাদি প্রস্তুত করতে শিখবে।

**স্বাস্থ্য ও শারীরিক শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ**

❑ সম্পূর্ণ মার্চপাস্ট করবে।
❑ বল পাসিং খেলবে।
❑ খাওয়ার আগে ও পরে সাবান দিয়ে হাত ধোয়ার অভ্যাস করবে।

**কলা শিক্ষা সম্পর্কীয় ক্রিয়াকলাপ**

মূল্যবোধ সম্বলিত নাটক রচনা ও পথ নাটিকা অনুষ্ঠিত করবে। পাঠের সঙ্গে সংগতি রেখে অন্যান্য চরিত্রের পাশাপাশি বীরবল, লাচিত বরফুকন, স্বামী বিবেকানন্দ ইত্যাদি চরিত্রাভিনয়ে গুরুত্ব আরোপ করবে।








❑ বিদ্যালয়ের স্বাস্থ্য বিধিসম্মত ব্যবস্থাবলির তদারকীকরনের জন্য ছাত্র সংসদের তরফ থেকে একজন বা একাধিক ছাত্র প্রতিনিধি নিযুক্ত করবেন যাতে প্রত্যেক বিদ্যালয়ের স্বচ্ছতা অটুট থাকে। এক্ষেত্রে ছাত্র-প্রতিনিধিদের দায়িত্ব সময়ানুসারে পরিবর্তন করবেন।

❑ বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের একক ব্যবহারযোগ্য বর্জ্য সামগ্রী যেমন- জলের বোতল, চিপসের প্যাকেট, বিস্কুটের প্যাকেট, চকলেটের প্যাকেট পলিথিন ইত্যাদি প্লাস্টিক জাতীয় দ্রব্যের ব্যবহার বর্জন করতে অনুপ্রাণিত করবেন।

# রাজ্য শিক্ষা-গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, অসম

কাহিলিপাড়া, গুয়াহাটি-৭৮১০১৯

মাসভিত্তিক শৈক্ষিক দিনপঞ্জি

## মার্চ ২০২৩

| সোম | মঙ্গল | বুধ | বৃহস্পতি | শুক্র | শনি | রবি |
|---|---|---|---|---|---|---|
| | | ১ মূল্যায়ন দিন | ২ মূল্যায়ন দিন | ৩ মূল্যায়ন দিন | ৪ মূল্যায়ন দিন ও উদযাপন দিন (শিশু সরক্ষা দিবস) | ৫ বন্ধের দিন |
| ৬ মূল্যায়ন দিন | ৭ বন্ধের দিন (দোল যাত্রা) | ৮ বার্ষিক অগ্রগতির খতিয়ান প্রস্তুতির দিন | ৯ বার্ষিক অগ্রগতির খতিয়ান প্রস্তুতির দিন | ১০ বার্ষিক অগ্রগতির খতিয়ান প্রস্তুতির দিন | ১১ বার্ষিক অগ্রগতির খতিয়ান প্রস্তুতির দিন | ১২ বন্ধের দিন |
| ১৩ বার্ষিক অগ্রগতির খতিয়ান প্রস্তুতির দিন | ১৪ বার্ষিক অগ্রগতির খতিয়ান প্রস্তুতির দিন | ১৫ বার্ষিক অগ্রগতির খতিয়ান প্রস্তুতির দিন | ১৬ বার্ষিক অগ্রগতির খতিয়ান প্রস্তুতির দিন | ১৭ বার্ষিক অগ্রগতির খতিয়ান প্রস্তুতির দিন | ১৮ বার্ষিক অগ্রগতির খতিয়ান প্রস্তুতির দিন | ১৯ বন্ধের দিন |
| ২০ ফলাফল ঘোষণার দিন | ২১ আগন্তুক বর্ষের শৈক্ষিক পরিকল্পনার দিন, ভর্তি ও পাঠ্যপুস্তক বিতরণ | ২২ আগন্তুক বর্ষের শৈক্ষিক পরিকল্পনার দিন, ভর্তি ও পাঠ্যপুস্তক বিতরণ ও উদযাপন দিন (বিশ্ব জল দিবস) | ২৩ আগন্তুক বর্ষের শৈক্ষিক পরিকল্পনার দিন, ভর্তি ও পাঠ্যপুস্তক বিতরণ | ২৪ আগন্তুক বর্ষের শৈক্ষিক পরিকল্পনার দিন, ভর্তি ও পাঠ্যপুস্তক বিতরণ | ২৫ আগন্তুক বর্ষের শৈক্ষিক পরিকল্পনার দিন, ভর্তি ও পাঠ্যপুস্তক বিতরণ | ২৬ বন্ধের দিন |
| ২৭ আগন্তুক বর্ষের শৈক্ষিক পরিকল্পনার দিন, ভর্তি ও পাঠ্যপুস্তক বিতরণ | ২৮ আগন্তুক বর্ষের শৈক্ষিক পরিকল্পনার দিন, ভর্তি ও পাঠ্যপুস্তক বিতরণ | ২৯ আগন্তুক বর্ষের শৈক্ষিক পরিকল্পনার দিন, ভর্তি ও পাঠ্যপুস্তক বিতরণ | ৩০ আগন্তুক বর্ষের শৈক্ষিক পরিকল্পনার দিন, ভর্তি ও পাঠ্যপুস্তক বিতরণ | ৩১ আগন্তুক বর্ষের শৈক্ষিক পরিকল্পনার দিন, ভর্তি ও পাঠ্যপুস্তক বিতরণ | | |

### মার্চ মাসে করণীয় অন্যান্য কার্য্যাবলি

- চতুর্থ মূল্যায়নের নিরীক্ষণ ও ফলাফল ঘোষণা।
- নতুন শিশুদের ভর্তি ।
- শ্রেণি অনুযায়ী নিবন্ধন পুস্তিকায় ছাত্র-ছাত্রীদের নাম লেখা।
- বিদ্যালয়ের সামগ্রিক বিকাশের জন্য পরিকল্পনা প্রস্তুতকরণ।
- বিদ্যালয়ের প্রাঙ্গন পরিস্কারকরণ।

**উল্লিখিত কার্যসমূহ নির্দিষ্ট দিনে সম্পাদনের জন্য পরবর্তী পর্যায়ে সরকারি নির্দেশাবলি অনুসরণ করতে হবে ।**

### মূল্যায়ন ব্যবস্থার নির্দেশনাবলি

সরকারি বিজ্ঞপ্তি নং AEE.499/2010/14-A dated 29/04/2011-র মাধ্যমে নিম্নলিখিত অনুযায়ী বছরে প্রতিটি বিষয়ের জন্য চারটি ভাগে সম্পূর্ণ মূল্যায়ন করবেন। তার জন্য প্রতিটি পাঠের শেষে নির্দিষ্ট ধারণা/দক্ষতাসমূহ মূল্যায়ন করে যাবেন। পরে নির্দিষ্ট মাসগুলিতে শেখানো ও শেখার যে পাঠগুলি শেষ হয়েছে সেই পাঠসমূহের ওপর সম্পূর্ণ মূল্যায়ন করবেন এবং নথি-পত্রে লিপিবদ্ধ করে রাখবেন। বিশেষ প্রয়োজন সম্পন্ন শিশুর (Children with Special Needs) মূল্যায়নের ক্ষেত্রে গ্রহণীয় কয়েকটি নির্দেশনা নিম্নে উল্লেখ করা হল।

১) প্রয়োজন অনুযায়ী এইসকল ছাত্র-ছাত্রীদের অতিরিক্ত সময় দেবেন। অবসাদ দূর করার জন্য এই সময়ের মধ্যে বিশ্রামের অনুমতি দেবেন।

২) ছাত্র-ছাত্রীদের ব্যক্তিগত প্রয়োজন অনুযায়ী বিভিন্ন সরঞ্জাম ব্যবহার করতে দেবেন, উদাহরণস্বরূপে— ক্যালকুলেটর, এবেকাস, টেইলর ফ্রেমের যোগাযোগ বোর্ড, হেলানো বোর্ড, টেপ রেকর্ডার, পেন গ্রিপ্‌স অর্থাৎ কলম ধরার সরঞ্জাম ইত্যাদি।

৩) শ্রবণ বাধাগ্রস্ত ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে ভাষা আহরণে অসুবিধা থাকায় মূল্যায়নের পদ্ধতি রচনাভিত্তিকের পরিবর্তে বস্তুনিষ্ঠ হওয়া উচিত। প্রশ্নসমূহের ভাষা সহজ-সরল হওয়া নিতান্তই প্রয়োজনীয়।

৪) দৃষ্টি শক্তির অসুবিধা রয়েছে এমন ছাত্র-ছাত্রীদের জন্য প্রশ্নপত্রসমূহ প্রয়োজন অনুসারে ব্রেইল/বড়ো ছাপা অক্ষরের হতে হবে।

৫) যতদূর সম্ভব যতি চিহ্ন, বানান ও ব্যাকরণের ভুলের জন্য নম্বর কমিয়ে দেওয়া উচিত নয়।

৬) পরীক্ষার সময়ে দেওয়া মৌখিক নির্দেশনাগুলি বোর্ডে লিখে দেবেন।

৭) প্রয়োজনে একজন লিপিকার নিয়োগের ব্যবস্থা করবেন।

৮) মগজের পক্ষাঘাতজনিত শিশুরা লেখার সময় যথেষ্ট চাপ দিয়ে লেখে। সেজন্য তাদের যে উত্তরপত্র/কাগজ ব্যবহার করতে দেওয়া হয় সেগুলো যথেষ্ট মোটা হওয়া উচিত।

৯) মানসিক বাধাগ্রস্ত শিশুদের মূল্যায়নের জন্য প্রস্তুত প্রশ্নসমূহের জটিলতা শিশুর বোধগম্যতার ওপর ভিত্তি করেই নির্ণয় করা উচিত।

### উদযাপন দিবস ও অন্যান্য কার্যাবলি

**১,২,৩,৪,৬ মার্চ**- চতুর্থ গোট মূল্যায়ন। মার্চ মাসের তৃতীয় সপ্তাহে ছাত্র-ছাত্রীদের মূল্যায়নের খতিয়ান অভিভাবকের সঙ্গে আলোচনা করবেন।

**৪ মার্চ**- প্রাতঃসভায় শিক্ষক-শিক্ষয়িত্রী শিশুর সুরক্ষা এবং এর সজাগতা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করবেন।

**২২ মার্চ**- জল সংরক্ষণ সম্পর্কে শিক্ষক-শিক্ষয়িত্রী এই দিবসের তাৎপর্য সংক্ষেপে ব্যাখ্যা করবেন।

ছাত্র-ছাত্রীরা প্রস্তুত করা শ্লোগান, পোস্টার, ছবি ইত্যাদি বিদ্যালয় চত্বর ও তার পার্শ্ববর্তী অঞ্চলের সুবিধাজনক স্থানে টাঙিয়ে রাখবেন।



| | |
|---|---|
| মূল্যায়ন দিন | - ৫ |
| খতিয়ান প্রস্তুতির দিন | - ১০ |
| পরিকল্পনার দিন | - ১০ |
| ফলাফল ঘোষণার দিন | - ১ |
| রবিবাব | - ৪ |
| অন্যান্য বন্ধের দিন | - ১ |
| মাসটির মোট দিন | -৩১ |

(মাসটির উদযাপন দিনের সংখ্যা - ২)



### মার্চ মাসে করণীয় অন্যান্য কার্য্যাবলি

- পাঠ পরিকল্পনা।
- বিনামূল্যের পাঠ্যপুস্তক যোগান ও বিতরণ।
- স্থানীয় কতৃপক্ষ, সমাজ, পিতৃ-মাতৃ, অভিভাবক, মাতৃগোষ্ঠী, শিক্ষক-শিক্ষয়িত্রী ছাত্র-ছাত্রীদের সহযোগিতায় বিদ্যালয় চত্বর, শৌচাগার, মধ্যাহ্ন ভোজনের রান্নাঘর, জল জমা করা পাত্র পরিস্কারকরণ।
- বিদ্যালয়ে স্বেচ্ছামূলক (আর্থিক) অন্যান্য ভাবে অনুদান যোগানের জন্য স্থানীয় জনগণকে উৎসাহিত করা এবং এই ধরনের অবদানগুলি নিখুঁতভাবে লিপিবদ্ধ করে রাখবেন।

**উল্লিখিত কার্যসমূহ নির্দিষ্ট দিনে সম্পাদনের জন্য পরবর্তী পর্যায়ে সরকারি নির্দেশনা অনুসরণ করতে হবে।**

### মূল্যায়নে মান (গ্রেড)-র ব্যবহার

যদিওবা অবিরত ও সামগ্রিক মূল্যায়ন ব্যবস্থায় নম্বর/গ্রেডের ওপর অধিক গুরুত্ব দেওয়া উচিত নয়, তবুও আমাদের রাজ্যে মূল্যায়ন পদ্ধতির সম্পূর্ণ পরিবর্তন না হওয়া পর্যন্ত শিক্ষক-শিক্ষয়িত্রীদের সুবিধার্থে সামান্য পরিবর্তন করে পূর্বের সাতটি গ্রেডের পরিবর্তে এই শিক্ষাবর্ষ থেকে পাঁচটি গ্রেড ব্যবহার করবেন। প্রাথমিক পর্য্যায়ে নিম্ন প্রদত্ত ধরনে গ্রেড ব্যবহার করবেন।।

**(ক) বিদ্যায়তনিক দিকের জন্য**

| গ্রেডের স্তর | গ্রেডের মন্তব্য | গ্রেডের শতাংশ |
|---|---|---|
| গ্রেড A+ | উৎকৃষ্ট | (৯১-১০০%) |
| গ্রেড A | উত্তম | (৮১-৯০%) |
| গ্রেড B | খুব ভালো | (৬১-৮০%) |
| গ্রেড C | ভালো | (৪১-৬০%) |
| গ্রেড D | উৎকর্ষ সাধনের প্রয়োজন | (৪০%- র কম) |

গ্রেড নির্ণয় - $\frac{\text{বিষয়ভিত্তিক মোট প্রাপ্ত নম্বর}}{\text{বিষয়ভিত্তিক সর্বমোট নম্বর}} \times ১০০$

**উদাহরণ - কোনো ছাত্র/ছাত্রীর প্রাপ্ত মোট নম্বর**

| বিষয় | মোট নম্বর | প্রাপ্ত নম্বর |
|---|---|---|
| ভাষা | ৫০ | ৪৫ |
| গণিত | ৫০ | ৫০ |
| ইংরাজি | ৫০ | ৪০ |
| পরিবেশ অধ্যয়ন | ৫০ | ৪০ |
| শারীরিক শিক্ষা | ৫০ | ৪০ |
| কলা শিক্ষা | ৫০ | ৪০ |
| সর্বমোট | ৩০০ | ২৫৫ |

গ্রেড নির্ধারণ - $\frac{২৫৫}{৩০০} \times ১০০ = ৮৫\%$

গ্রেড - A

**(খ) ব্যক্তিগত-সামাজিক গুণরাজি**

শিক্ষক-শিক্ষয়িত্রীরা এই সম্পর্কে গঠনাত্মক মন্তব্য প্রদান করা উচিত। যদি ছাত্র/ছাত্রীটি কোনো ক্ষেত্রে দুর্বল ও তার অধিক বিকাশের প্রয়োজন হয়, তাহলে ‘তাকে এই ক্ষেত্রে অনগ্রসর’ না বলে ‘এই ক্ষেত্রে তার অধিক যত্নের প্রয়োজন’ বলে উল্লেখ করা উচিত।

২০২৩ সালের জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ মাসের অন্যান্য বন্ধগুলি ক্যালেণ্ডারে প্রতিফলিত হলেও সেই বছরের সরকারী বন্ধের অধিসূচনা অনুসারে এই বন্ধগুলি প্রযোজ্য হবে।